ভোরের কাগজ

24 MAR 1998

তারিখ 24 MAR 1998

পৃষ্ঠা ১২ কলাম ৪

151

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে গোলাগুলি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতা জাকির হোসেন সিদ্দিকীর বহিষ্কারাদেশ প্রত্যাহারের ঘটনাকে কেন্দ্র করে গত রোববার রাতে দু'গ্রুপের মধ্যে অর্ধ শতাধিক রাউন্ড গুলি বিনিময়ের ঘটনা ঘটেছে।

ছাত্রদলের সূত্রসমূহ জানায়, গত শনিবার রাতে কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন রানাকে আহ্বায়ক করে ৫ সদস্য বিশিষ্ট বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন প্রস্তুতি পরিষদ গঠন করা হয়। এ কমিটি গঠন নিয়ে বিশ্ববিদ্যালয় শাখার মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। গত রোববার কেন্দ্রীয় কমিটি আগামী ২০ এপ্রিলের সম্মেলনের প্রচার ও সম্মেলন প্রস্তুতি পরিষদকে স্বাগত জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখাকে মিছিল করতে নির্দেশ দিলে তারা তা পালন করতে অস্বীকৃতি জানায়।

গত রোববার রাতে বিষয়টি নিয়ে ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দ বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে আলোচনা করেন। এরপর তারা ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নেন। একই সঙ্গে ছাত্রদল নেতা জাকির হোসেন সিদ্দিকী, মুস্তাফিজুল ইসলাম মামুন ও আসাদুজ্জামানের বহিষ্কারাদেশ প্রত্যাহার করেন।

ছাত্রদলের নেতৃবৃন্দের মতে, 'রতন গ্রুপ' ও 'ইলিয়াস গ্রুপের' মধ্যে সমঝোতা ভেঙে যাওয়ার ফলে বিশ্ববিদ্যালয় কমিটি ভেঙে দেওয়ার ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ 'ইলিয়াস গ্রুপের' সমর্থক হিসেবে পরিচিত। ভেঙে দেওয়া কমিটির একজন নেতার মতে, নাসির উদ্দিন পিন্টুর নেতৃত্বাধীন একটি গ্রুপ বিশ্ববিদ্যালয় কমিটি ভেঙে দেওয়ার অজুহাত খুঁজছিল। গত রোববারের ঘটনায় তারা একটি অজুহাত পেয়ে যায়। তিনি আরো বলেন, ঢাকা নগর কমিটি গত ৪ বছর আগে গঠিত হয়েছিল। কিন্তু নাসির উদ্দিন পিন্টু নগর কমিটির সভাপতি হওয়ার কারণে কমিটি ভাঙাও হচ্ছে না, সম্মেলনও হচ্ছে না।

গত রোববার রাত ২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হল থেকে প্রথমে ৪/৫ রাউন্ড গুলি ছোড়া হয়। জাকির হোসেন সিদ্দিকীর বহিষ্কারাদেশ প্রত্যাহার করায় আনন্দের বহিঃপ্রকাশ হিসেবে তারা এগুলো ছোড়ে। পাল্টা ব্যবস্থা হিসেবে বঙ্গবন্ধু ও জসীম উদ্দীন হল থেকেও গুলি ছোড়া হয়। এরপর প্রায় এক ঘন্টা ধরে এই তিনটি হলের মধ্যে অর্ধশতাধিক রাউন্ড গুলি ছোড়া হয়। এ সময় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

এদিকে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পসে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আগামী ২০ এপ্রিল অনুষ্ঠেয় সম্মেলনের প্রচার মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে কেন্দ্রীয় কমিটি, সম্মেলন প্রস্তুতি কমিটি ও বিলুপ্ত ঘোষিত বিশ্ববিদ্যালয় কমিটির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

**অস্ত্র উদ্ধার, গ্রেপ্তার ২**

শেষ খবরে জানা যায়, রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিব হলে পুলিশ আকস্মিক অভিযান চালিয়ে দুটি কক্ষ থেকে একটি রিভলবার, একটি কাটা রাইফেল এবং ২৪ রাউন্ড গুলি উদ্ধার করেছে। এর সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ পাভেল ও জাহিদ নামে দুজনকে গ্রেপ্তার করেছে। জানা গেছে, তারা দুজনই ছাত্রদল কর্মী। পুলিশ ৩০৪ নং কক্ষ থেকে একটি কাটা রাইফেল ও ১৯ রাউন্ড গুলি এবং ৩০৫ নং কক্ষ থেকে একটি রিভলবার ৫ রাউন্ড গুলি উদ্ধার করেছে।